দৈনিক
ইনকিলাব

তারিখ ... 7 DEC 2012
পৃষ্ঠা ... ১৫ কলাম ... ২

এমসি কলেজ অধ্যক্ষসহ তিন জনের বিরুদ্ধে মামলা

প্রশ্নপত্রে বঙ্গবন্ধুকে জাতির কলংক উল্লেখ

কোর্ট রিপোর্টার : প্রশ্নপত্রে বঙ্গবন্ধুকে জাতির কলংক উল্লেখ করায় সিলেটের মদন মোহন কলেজের অধ্যক্ষসহ তিনজনের বিরুদ্ধে মামলা করেছে এক আইনজীবী। গতকাল ঢাকার মহানগর হাকিম মনিরুজ্জামানের আদালতে ঢাকা আইনজীবী সমিতির সদস্য তারিক হাসান খান এ মামলা করেন। এ মামলায় যাদের আসামি করা হয়েছে তারা হলেন, সিলেট মদন মোহন কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রধান আসমাউল হুসনা, সহকারী অধ্যাপক ফরিদ আহমেদ, অধ্যক্ষ আবুল ফতেহ। মামলার আরজিতে বলা হয়, গত ২৯ নভেম্বর কলেজের নির্বাচনী পরীক্ষায় একটি প্রশ্নে জাতির জনক বঙ্গবন্ধুকে জাতির কলংক উল্লেখ করা হয়। প্রশ্নটি ছিল 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বেই জাতি মুক্তির স্বাদ আস্বাদন করতে পেরেছে।' সংলাপ-উত্তরে ছিল তিনটি। সেগুলি হল, অবিসংবাদিত নেতা, জাতির মুক্তির দিশারী এবং জাতির কলংক। এ প্রশ্ন দেখে পরীক্ষার্থীরা পরীক্ষায় অংশ নেয়া থেকে বিরত থাকে। এ খবর পরে বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত হয়।